**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 12-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Khowai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল তেলিয়ামুড়া নেতাজি নগরে পাঁচ কোটি টাকা ব্যয়ে নবনির্মিত অত্যাধুনিক মোটর স্ট্যান্ডের উদ্বোধন করেছেন। এ উপলক্ষ্যে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য, কৃষি থেকে শুরু করে প্রত্যেকটি বিভাগেই পরিকাঠামোর উন্নয়নের জন্য কাজ করছে। খোয়াই জেলায় কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে, তা তিনি বিস্তারিত উল্লেখ করেন| তিনি বলেন, রাজ্য সরকার প্রচুর সংখ্যক সরকারি চাকুরী প্রদান করবে|

#######Byte-CM#######

এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে তেলিয়ামুড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, মুঙ্গিয়াকামি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও কবি নজরুল বিদ্যামন্দির দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নবনির্মিত পাকা বাড়ির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধানসভার মুখ্য সচেতক বিধায়িকা কল্যাণী সাহা রায় ও খোয়াই জেলার জিলা সভাধিনেত্রী অপর্ণা সিনহা রায় প্রমুখ|

এদিকে, মুখ্যমন্ত্রী গতকাল কল্যাণপুরে - কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নতুন পাকাবাড়ি উদ্বোধন করেন| সেই অনুষ্ঠান থেকে তিনি ভার্চুয়ালভাবে রামচন্দ্রঘাটের বীরচন্দ্রপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পাকা বাড়ির উদ্বোধন

করেন| উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রঞ্জিত দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ প্রমুখ|

***********************

## Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরা দক্ষিন-পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠছে | গতকাল আগরতলায় আসাম রাইফেলস আয়োজিত ২০৩০ সালের উত্তর-পূর্ব ভারতের সম্ভাবনা এবং সমস্যা – শীর্ষক এক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন | তিনি বলেন, ত্রিপুরায় কৃষি এবং পর্যটন ক্ষেত্রে উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বাড়ছে| উত্তর-পূর্ব ভারতের সার্বিক উন্নয়নের জন্য রাজ্যগুলির জৈব বৈচিত্র্য, প্রাকৃতিক সম্পদ, বৈচিত্র্যময় আদিবাসী সম্প্রদায় এবং সাংস্কৃতিক বৈচিত্রের বিভিন্ন দিক তুলে ধরেন তিনি ।

********************

## PM-VARANASI :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বারাণসীর মেহেদিগঞ্জে তিন হাজার আটশ ৮৪ কোটি টাকারও বেশি মূল্যের ৪৪টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে সড়ক পরিকাঠামো, বিদ্যুৎ, শিক্ষা এবং পর্যটনের উন্নয়ন। পরে, একটি জনসভায় তিনি শহরের দ্রুত উন্নয়নের কথা তুলে ধরে বলেন, কাশী এখন কেবল প্রাচীনত্বের প্রতীক নয় বরং অগ্রগতির একটি মডেল হিসেবে আবির্ভূত হয়েছে।

*******************

**Ratan Lal nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যের সব অংশের মানুষকে বিভিন্ন বিষয়ে দক্ষ করে তুলতে প্রশিক্ষনের ব্যবস্থা করছে। প্রশিক্ষণের পর স্বাবলম্বী হবার জন্য ঋণ প্রদান করা হচ্ছে| গতকাল মোহনপুর ব্লক চত্বরে আয়োজিত মেগা স্কিল অ্যাওয়ারনেস এন্ড প্লেসমেন্ট ড্রাইভ অনুষ্ঠানে তিনি কথা বলেন।

**********************

**WAVES Summit :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক ওয়েভস সামিট ২০২৫-এর অংশ হিসাবে অনুষ্ঠিত ৩২টি চ্যালেঞ্জের মধ্যে থিম মিউজিক প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেছে। প্রথম ওয়ার্ল্ড অডিও এবং ভিডিও এন্টারটেইনমেন্ট সামিট (ওয়েভস ২০২৫) এই বছরের ১ থেকে ৪ মে মুম্বাইয়ে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

সারা দেশ থেকে পাওয়া শতাধিক এন্ট্রি থেকে ছয়জন বিজয়ীকে বেছে নেওয়া হয়। একটি বিশিষ্ট জুরি তাদের মৌলিকতা, বাদ্যযন্ত্র এবং সংগীত এবং নৃত্যের জন্য ওয়েভস থিমের সাথে সামঞ্জস্য রেখে কঠোর মূল্যায়নের পরে বিজয়ীদের নির্বাচন করেছেন | ভারতের বৈচিত্র্যময় সঙ্গীত প্রতিভা তুলে ধরতেই এই প্রতিযোগিতার আয়োজন ।

**********************

## Presentation of accounts and publication of annual booklet of the Southern District Council :

বিলোনিয়ার সার্কিট হাউসে গতকাল এক সভার মধ্যে দিয়ে দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের ২০২৪ - ২৫ অর্থ বছরের কাজকর্মের খতিয়ান ও ২০২৫ - ২৬ অর্থ বছরের কর্ম পরিকল্পনা নিয়ে একটি পুস্তিকা প্রকাশিত হয়। দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত পুস্তিকাটি প্রকাশ করেন। সভায় দক্ষিন জেলা পরিষদের – সদস্যগণ, জেলার ৭ টি ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগন ও বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

**********************

## FM & Ujjayanta :

আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে উজ্জ্বয়ন্ত এফ এম চ্যানেল পুনরায় চালু করা হবে। আগামীকাল থেকে তা কার্যকর হবে। পাশাপাশি আকাশবাণী আগরতলার এ এম চ্যানেলও পৃথকভাবে চালু থাকবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**********************

## IPL Fan Club :

ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের পরিচালনায় আগরতলায় স্বামী বিবেকানন্দ ময়দানে আজ থেকে দুদিনের ফ্যান পার্কের আয়োজন করা হবে। গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে টিসিএ-র সভাপতি তপন লোধ একথা জানান| তিনি জানান, এই ফ্যান পার্কে আজ ও আগামীকাল দু'দিন বড় পর্দায় আই.পি.এল-এর মোট ৪টি ম্যাচ দেখানো হবে|

**********************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ অংশত: মেঘলা থাকবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে, সঙ্গে দমকা হাওয়াও বয়ে যেতে পারে। রাজ্যের উত্তর জেলা, ঊনকোটি ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত এবং সেইসঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো বা দমকা হাওয়া বয়ে যাওয়ার সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৬ ডিগ্রির কাছাকাছি।

****************************************

***********************************